দৈনিক ইত্তেফাক ২

তারিখ 12 JUN 1996
পৃষ্ঠা ৬ কলাম ২

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ইসলামী ছাত্রশিবিরের অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদে ছাত্রলীগ (শা-পা) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার আহ্বানে গতকাল (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

পালিত হয়। ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়গামী সকল শাটল ট্রেন বন্ধ থাকে, ক্যাম্পাসে কোন বাস চলাচল করে নাই। তবে পরীক্ষাসমূহ কর্মসূচীর আওতার বাহিরে থাকায় পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হয়। ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয় রেল ষ্টেশন চত্বরে ছাত্রলীগের উদ্যোগে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। ধর্মঘট চলাকালে লিয়াকত হোসেন নামে প্রিলিমিনারীর একজন ছাত্রকে শিবিরের কিছু কর্মী অপহরণের চেষ্টা করিলে কয়েকজন সিনিয়র শিক্ষকের হস্তক্ষেপের ফলে উহা ব্যর্থ হয়।

অপরদিকে শিবির সমর্থক শিক্ষা সংগ্রাম পরিষদ হলের সিট বরাদ্দের নূতন নিয়ম বাতিলের দাবীতে ছাত্র ধর্মঘট পালন করে বলিয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়।